

তুমি রবে নীরবে Lyrics:-

তুমি রবে নীরবে, হৃদয়ে মম..
তুমি রবে নীরবে
নিবিড় নিভৃত পূর্ণিমা নিশীথিনী-সম
তুমি রবে নীরবে, হৃদয়ে মম
তুমি রবে নীরবে।

মম জীবন যৌবন, মম অখিল ভুবন
তুমি ভরিবে গৌরবে নিশীথিনী-সম
তুমি রবে নীরবে, হৃদয়ে মম
তুমি রবে নীরবে।

জাগিবে একাকী, তব করুণ আঁখি
তব অঞ্চল-ছায়া মোরে রহিবে ঢাকি
মম দুঃখ-বেদন মম সফল-স্বপন
মম দুঃখ-বেদন মম সফল-স্বপন
তুমি ভরিবে সৌরভে, নিশীথিনী-সম।

তুমি রবে নীরবে, হৃদয়ে মম
তুমি রবে নীরবে,
নিবিড় নিভৃত পূর্ণিমা নিশীথিনী-সম
তুমি রবে নীরবে, হৃদয়ে মম
তুমি রবে নীরবে।